# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

## কালিগঞ্জ, সাতক্ষীরা

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ৩০-০৫-২০১৯

সময় ঃ বেলা ১১-৩১ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

১। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং নিম্নবর্ণিত সংশোধনীসহ দৃঢ়করণ করা হয়।

সংশোধনী ঃ বিগত সভার ৪.১১ নং অনুচ্ছেদে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে মাতৃত্ব মৃত্যুর হার ২%-এর স্থলে বর্তমানে ০% পড়তে হবে।

২ বিভাগীয় আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ<br><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা প্রকৌশলী অফিসের কাজে বাইরে রয়েছেন। এ প্রসংগে সভায় জানানো হয় উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করাসত্বেও সভায় অনুপস্থিত রয়েছেন,যা অত্যন্ত দুঃখজনক এবং ইচ্ছাকৃতভাবে সরকারের উন্নয়ন কাজে অসহযোগিতার শামিল। তাঁর এ ধরণের অসহযোগিতামুলক আচরণের জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ , সাতক্ষীরাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা সত্বেও উপস্থিত না থাকার বিষয়ে আগামী সভায় উপস্থিত হয়ে কারণ দর্শাইতে বলা হলো। | ১.উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০২ মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । মাছ উৎপাদন বৃদ্ধির জন্য চাষীদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং অধিকতর মৎস্য উৎপাদনের লক্ষ্যে পরিবেশ উন্নয়ন ও রাস্তার অবকাঠামো রক্ষার্থে রাস্তা ও ঘেরের ভেড়ী পৃথক করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয। তিনি উপজেলায় একটি মৎস্য প্রশিক্ষণ কক্ষ নির্মাণের প্রস্তাব করেন। | (৪) উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৩। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আগামী সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.০৪। দুর্যোগ ও ত্রাণ বিভাগের কার্যক্রম: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ঘূর্ণিঝড় ফনীর কারণে এ উপজেলায় কোন প্রকার ক্ষয়ক্ষতি হয়নি। ব্যাপক কর্মজজ্ঞের মাধ্যমে জনসাধারণকে সাইক্লোন সেন্টারে নিয়ে যাওয়া সম্ভব হয়েছে। ৪০ দিনের কর্মসূচির কাজ চলমান । প্রত্যেক ইউনিয়ন পরিষদে দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারগণকে যথাযথ ভাবে দায়িত্ব পালন করতে হবে। তিনি আরো জানান যে, সোলার সিস্টেম ২০১৮-১৯ অর্থ বছরে পিও পাওয়া গেছে। ঈদের পরে কাজ শুরু করা হবে। তার বিভাগে আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা প্রতিনিধি জানান যে, বর্তমানে প্রাণিসম্পদ মাঠ স্কুল বাস্তবায়ন করা হচ্ছে । ভেটেরিনারি সার্জনের পদটি দু'বছর যাবৎ শুন্য থাকায় চিকিৎসা প্রদানে অসুবিধা সৃষ্টি হচ্ছে। তিনি বর্ণিত শুন্যপদ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | কালিগঞ্জ উপজেলা প্রাণি সম্পদ বিভাগে ভেটেরিনারি সার্জন পদ পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ সভায় জানান যে, মৌতলা ইউনিয়ন পরিষদের সদস্য, সালমান রহমান ডালিম জনৈক মহিলার নিকট হতে ভিজিডি চাউল দেয়ার নাম করে ১,০০০/- (এক হাজার) টাকা দাবী করেছেন মর্মে অবহিত হলে সংশ্লিষ্ট মেম্বারকে কারণ দর্শানো হয়েছে। এ প্রসংগে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, ডালিম মেম্বার টাকা নেয়ার বিষয়টি স্বীকার করেছেন। তাছাড়া যে সব ভিজিডি কার্ডধারী মহিলারা টাকা দিতে পারেনি তাদের ভিজিডি চাউল আটকে রাখে। পরবর্তীতে চেয়ারম্যানের হস্তক্ষেপে চাউল বিতরণ করা হয়।তাকে অতিদ্রুত টাকা ফেরৎ দেয়ার কথা বলা হয়েছে। মহিলা বিষয়ক কর্মকর্তা তদন্ত করে ঘটনার সত্যতা পেয়েছেন। এ ধরণের দুনীতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়কে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ভিজিডি চাউল বিতরণের অর্থ গ্রহণের অভিযোগ উত্থাপিত হওয়ায় মৌতলা ইউনিয়ন পরিষদের সদস্য জনাব সালমান রহমান ডালিমের বিরুদ্ধে বিধিমতে ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ২.০৭। <u>উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, লবনপানির দীর্ঘমেয়াদি ব্যবহারের পলে ইকো সিস্টেমের স্থায়ী ক্ষতি হওয়ায় অত্র উপজেলায় কৃষি উৎপাদন আশাঙ্খাজনকভাবে হ্রাস পেতে পারে। তিনি জলারদ্ধতা নিরসনসহ পানির অবাধ প্রবাহ নিশ্চিত করে কৃষি উৎপাদন স্বাভাবিক রাখার জন্য সকলে সহযোগিতা কামনা করেন। এ প্রসংগে সভায় জানানো হয় যে, খাদ্য উৎপাদন ঝুঁকির মধ্যে রয়েছে। কৃষি উৎপাদন ব্যহত হচ্ছে। জলবায়ু পরিবর্তনের ফলে কোটি কোটি টাকার সম্পদ নষ্ট হচ্ছে। অবৈধ দখলদারদের অপতৎপরতার কারণে পর্যাপ্ত পানি সররাহ না থাকায় চিংড়ী উৎপাদন মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। সভায় আরো জানানো হয় যে, খালের অবাধ প্রবাহ নিশ্চিতকরণের মাধ্যমে জলাবদ্ধতা হ্রাস, অবকাঠামো রক্ষা, ভূমি ক্ষয় রোধ করে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হবে। উকো সিস্টেম রক্ষার্থে চিংড়ী ও মৎস্য ঘের রাস্তা থেকে আলাদা করতে হবে। ন্যাশনাল সার্ভিসে যে সকল কর্মী রয়েছে তাদের দ্বারা রাস্তার ধারে যে সকল ঘের রয়েছে তার তালিকা তৈরি করতে হবে। অবৈধ দখলদারদের তৎপরতা বন্ধে ঘেরের তালিকা তৈরি করা প্রয়োজন।<br><br>এ প্রসংগে চেয়ারম্যান রতনপুর ইউনিয়ন পরিষদ জানান যে, সরকারি খালগুলো তহশীল অফিসের মাধ্যমে সনাক্ত করে খননের ব্যবস্থা নিতে হবে।<br><br>সভায় আরো জানান যে, যাদের নামে খাল শ্রেণির জমি একসনা ডিসিআর দেয়া হয়েছে, সেটি বাতিলের প্রস্তাব দিতে হবে। | (১) উপজেলা যুব উন্নয়ন দপ্তর কালিগঞ্জে ন্যাশনাল সার্ভিসে যে সকল কর্মী রয়েছে তাদের দ্বারা এ উপজেলায় রাস্তার ধারে যে সকল ঘের রয়েছে তার তালিকা তৈরি করে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) সরকারি খালগুলো তহশীল অফিসের মাধ্যমে সনাক্ত করে খননের ব্যবস্থা নিতে হবে।<br><br>(৩) এ উপজেলায় যাদের নামে খাল শ্রেণির জমি একসনা ডিসিআর দেয়া হয়েছে সেগুলোর তালিকা তৈরী করে ব্যবস্থা নিতে হবে। | (১) সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ<br>(২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(৩) উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ। |

| | | |
|---|---|---|
| ২.০৮। **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ সভায় জানান যে, স্লিপের টাকা দিয়ে প্রতিটি স্কুলে ডিজিটাল হাজিরার সফটওয়ার স্থাপনের জন্য পত্রের আলোকে অফলাইন সিস্টেম এর পরিবর্তে অনলাইন ডিজিটাল সিস্টেম স্থাপিত হলে শিক্ষক, ছাত্র হাজিরা, প্রবেশপত্র, টেবুলেশন সিট, সেকশনওয়ারী রিজাল্ট সিট, চাহিদাপত্র প্রস্তুত করতে ও মার্কশীট প্রস্তুত করতে সহজ ও সহায়ক হবে । তিনি আরো জানান যে, এ উপজেলায় ১০ টি স্কুলে পানির ফিল্টার নষ্ট হয়ে গেছে, কয়েকটি স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই । যে সকল কাঁচা রাস্তা দিয়ে শিশুরা স্কুলে যায়, সেগুলো অগ্রাধিকার দিয়ে নির্মাণ কাজ করতে স্থানীয় বাজেট বা এলজিএসপির অগ্রাধিকার ভিত্তিতে করতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | (১) প্রতিটি স্কুলে ডিজিটাল হাজিরার সফটওয়ার স্থাপন করতে হবে।<br><br>(২) এ উপজেলার যে সকল স্কুলের পানির ফিল্টার নষ্ট সেগুলোর তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলী, কালিগঞ্জ বরাবর প্রেরণ করতে হবে।<br><br>(৩) এ উপজেলার যে সকল স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই তার তালিকা জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর প্রেরণ করতে হবে।<br><br>এবং যে সকল কাঁচা রাস্তা দিয়ে শিশুরা স্কুলে যায়, সেগুলোর অগ্রাধিকার তালিকা তৈরী করে উপজেলা প্রকৌশল দপ্তরে প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২)উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>(৩) জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা<br>(৪) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ |
| ২.৯। **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলার সকল ইউনিয়নের বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধিদের ডাটা বেইজ তালিকা করতে হবে। এ জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ন্যাশনাল সার্ভিসের কর্মী দিয়ে কাজটি সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা সমাজসেবা কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>(২) উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় হতে বয়স্কভাতা, প্রতিবন্ধীভাতা, বিধবা ভাতাভোগীদের সেবা প্রদানে সহজীকরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ |
| ২.১০। **উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের ক বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরা |
| ২.১১। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মা সমাবেশ, উঠান বৈঠাক প্রভৃতি কার্যক্রম করা হচ্ছে। দম্পত্তি রেজিস্ট্রেশন কার্যক্রম চলছে। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১২। <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,<br>কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৩। <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম</u><br><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। এ প্রসংগে ন্যাশনাল সার্ভিসের কর্মী একই ব্যক্তি দু'টি স্থান থেকে বেতন উত্তোলন করছে মর্মে জানা যাচ্ছে। কেউ কেউ নবলোক এনজিও সহ অন্যান্য জায়গায় কাজ করে বেতন নিচ্ছে আবার ন্যাশনাল সার্ভিসের কর্মী হিসাবে বেতন গ্রহণ করছেন। ওভার ল্যাপিং যাতে না হয় তা লক্ষ্য রাখতে হবে। সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) ন্যাশনাল সার্ভিসের যে সকল কর্মী দু'টি স্থান থেকে বেতন ভাতাদি উত্তোলন করছেন তাদের তালিকা আগামী সভায় দাখিলের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়।<br>(২) ন্যাশনাল সার্ভিসের যে সকল কর্মী নিয়মিত অফিস করেন না অথবা অফিসে না এসে বেতন গ্রহণ করছেন তাদের তালিকা আগামী সভায় দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৪। <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম</u> ঃ সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে জানা গেল না। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থেকে ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ২.১৫। <u>জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ভারপ্রাপ্ত) কালিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলীকে আগামী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৬। <u>বন বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা বন বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান ২০১৮-১৯ অর্থবছরে চারা উত্তোলন ও বাগান সৃজনের লক্ষ্য মাত্র অনুন্নয়ন খাতে বিক্রয় / বিতরণের জন্য ১৫,০০০টি চারা উত্তোলন, তাছাড়া বাংলাদেশের পাঁচটি উপকূলীয় জেলায় বনায়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাগান সৃজন (১) নারিকেল বাগান সৃজন ১,৬০০ টি, (২) সুপারী বাগান সৃজন ৮,৯১২ টি, বিভিন্ন প্রতিষ্ঠানে চারা রোপন ৩,৫০০টি করা হয়েছে। | আগামী অর্থ বছরের জন্য প্রণীত কর্ম পরিকল্পনা অনুযায়ী বৃক্ষ রোপন কার্যক্রম বাস্তবায়নের জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভায় পুনরায় অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র,<br>কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৭। <u>খাদ্য বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। আমন চাল ১৩০৪ মেঃটন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। সংগ্রহ প্রায় কাছাকাছি পৌছে গেছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখা সহ দ্রুত সংগ্রহ কার্যক্রম শেষ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.১৮. <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রমঃ</u> সভায় জানানো হয় যে, চৌমুহনী দারুল উলুম দাখিল মাদ্রাসায় সৃষ্ট ঘটনায় একই অপরাধ অভিযুক্ত ১৫ জনের মধ্যে ১৪ জনকে বেতন দেয়া হচ্ছে এবং ১ জনকে বেতন দেয়া হচ্ছে না। এ ঘটনার বিষয়ে উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জানান যে, বিষয়টি ভালোভাবে না জেনে তার কোন মতামত নেই । উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানসহ সদস্যগণ ১ জন শিক্ষককে বেতন না দেয়ার বিষয়ে নিন্দা প্রস্তাব করেন এবং বিধিমতে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>সভায় আরো জানানো হয় যে, কালিগঞ্জ সরকারি কলেজে ১৭ জন শিক্ষকের পদ শুন্য রয়েছে। শুন্য পদ পূরণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার অনুরোধ জানানো হয়। | (১) চৌমুহনী দারুল উলুম দাখিল মাদ্রাসায় ১ জন শিক্ষকের বেতন না দেয়ার বিষয়ে বিধিমতে ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) কালিগঞ্জ সরকারি কলেজে ১৭ জন শিক্ষকের শুন্য পদ পূরণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা । |
| ২.১৯ <u>আমার বাড়ী আমার খামার প্রকল্প</u> ঃ সভায় জানানো হয় যে. আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ উপজেলায় ১৭০ টি সমিতি গঠন করা হয়েছে। দ্রুত আরো ৪৫ টি গঠন করা হবে। মোট ১২,৯০০ জন সদস্য হবে এর মধ্যে ৫,৮০০ জন নিয়মিত সদস্য রয়েছে । বাকী সদস্য অন্তর্ভুক্তির কাজ করা হচ্ছে । পল্লী সঞ্চয় ব্যাংক থেকে ঋণ দেয়া হচ্ছে । | সমাবেশের মাধ্যমে সমিতিতে সদস্য অন্তর্ভুক্তির ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ |
| ৩.(ক) <u>উপজেলা পরিষদের আবাসিক ভবন বরাদ্দ প্রদান সংক্রান্ত</u> ঃ বিগত ২৯/০৪/২০১৯ তারিখে সভার কার্যবিবরণীতে উপজেলা পরিষদের আবাসিক ভবনের ভাড়া নির্দিষ্ট করে দেয়া যাবে কিনা, ভবিষ্যতে অডিট আপত্তি হবে কিনা , আইনগত জটিলতা রয়েছে কিনা এসব বিষয় বিবেচনা রেখে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ নীতিমালা মোতাবেক প্রতিবেদনসহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়েছিল ।বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের ডরমেটরিসহ আবাসিক ভবনের ভাড়া নির্দিষ্ট করে দেয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১. গেজেটেট ভবন- মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা<br><br>২. নন- গেজেটেড ভবন- মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা<br><br>৩. ডরমেটরি- সিট ভাড়া প্রতিসিট মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা<br><br>এ সিদ্ধান্ত জুন/২০১৯ মাস হতে কার্যকর হবে এবং পূর্ববর্তী সময়ের বাসা ভাড়া পূর্বের নিয়মেই পরিশোধ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| (খ) সভায় জাতীয় ভোক্তা অধিকার বিষয়ক সচেতনা বৃদ্ধিমূলক আলোচনা হয়। | ভেজাল ও নকল পণ্য বা ঔষধ প্রস্তুত এবং ফরমালিনসহ ক্ষতিকর দ্রব্য মিশ্রিত খাদ্যপণ্য ও মেয়াদ উত্তীর্ণ পণ্য ক্রয় - বিক্রয়ের বিরুদ্ধে সোচ্চার হওয়ার অনুরোধ জানানো হয়। | (১) সকল বিভাগীয় কর্মকর্তা, কালিগঞ্জ (২) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ |
| (গ) সভায় জানানো হয় যে, কালিগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সামনে কতিপয় ব্যক্তি অবৈধভাবে বিভিন্ন ধরণের সাইনবোর্ড লাগিয়ে তদবির বানিজ্য করছেন মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ সব অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা নিতে হবে। | কালিগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সামনে অবৈধ স্থাপনা ও সাইনবোর্ড উচ্ছেদ করতে হবে। | (১) অফিসার ইনচার্জ, কালিগঞ্জ থানা |
| (ঘ) সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদ হতে নাজিমগঞ্জ বাজার ভায়া কাকশিয়ালি নদী পার হয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাব রেজিস্ট্রি অফিস সহ ভূমি অফিসে জনসাধারণকে যেতে হয়। নাজিমগঞ্জ বাজার সংলগ্ন স্থানে কাঁকশিয়ালি নদীর উপর একটি ব্রীজ নির্মাণের প্রস্তাব করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কাঁকশিয়ালী নদীর উপর নাজিমগঞ্জ বাজার সংলগ্ন স্থানে ব্রীজ নির্মাণের বিষয়ে সম্ভবতা যাচাই করে আগামী সভায় প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ - ৬৭৫ তারিখ : ২৩ জুন,২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৫। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান ------------------------------------ ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৭। জনাব ---------------------------------------------, কালিগঞ্জ, সাতক্ষীরা

সরদার মোস্তফা শাহিন
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা

৩০/০৫/২০১৯ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ১ | জনাব সরদার মোস্তফা শাহিন | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ২ | জনাব শেখ ফজলুল হক মনি | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ৩ | ডাঃ জনাব মনোজিৎ মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | ৪ | জনাব মোঃ সাহাবুল আলম | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৫ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | ৫ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি | ৬ | জনাব জেসিয়া জামান | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | ৭ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৮ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | ৮ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি পক্ষে ইউ,পি সদস্য | ৯ | জনাব মোঃ আব্দুল হাকিম | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জনাব খলিলুর রহমান | চেয়ারম্যান(ভাঃপ্রাঃ) মৌতলা ইউপি | ১০ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব লাইলি বেগম | সংরক্ষিত আসনের সদস্য | ১১ | জনাব শারমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব সিরাজুল ইসলাম | চেয়ারম্যান(ভাঃপ্রাঃ), কুশুলিয়া ইউপি | ১২ | জনাব এ এফ এম মাহফুজুল হক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| | | | ১৩ | প্রতিনিধি | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৪ | উপজেলা সমন্বয়কারী | একটি বাড়ী একটি খামার প্রকল্প কালিগঞ্জ |
| | - | - | ১৫ | জনাব শেখ মুজিবর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৬ | জনাব মোঃ কামরুল ইসলাম | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৭ | জনাব মোঃ জামিরুল হায়দার | উপজেলা নির্বাচন অফিসার,কালিগঞ্জ |
| | - | - | ১৮ | | |
| | - | - | ১৯ | - | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | ১ | ডাঃ জনাব শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউ,পি | ২ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ |
| ৩ | জনাব নূরমোহাম্মদ বিশ্বাস | চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | ৩ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান,তারালি ইউপি | ৪ | উপসহকারী প্রকৌশলী | পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ৫ | জনাব মাহফুজা খাতুন | সংরক্ষিত আসনের সদস্য | ৫ | - | সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব প্রভাতী মন্ডল | সংরক্ষিত আসনের সদস্য | ৬ | - | উপজেলা পরিসংখ্যান অফিসার,কালিগঞ্জ |
| | | | ৭ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |